

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
নওগাঁ শাখা, ৩৭৯, মাজেদা সুপার মার্কেট, তুলাপাটি, নওগাঁ সদর, নওগাঁ।

অর্থস্থণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখা, নওগাঁ এর ঝণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স এস এইচ ট্রেডার্স এর স্বত্ত্বাধিকারী মোঃ শাহিমুর ইসলাম (শাহিন), পিতা- মোঃ মোকছেদ আলী মতল, সাং- বরুনকান্দি, নিউ জেলখানার মোড়, ডাকঘর- নওগাঁ সদর-৬৫০০, থানা ও জেলা- নওগাঁ, কর্তৃক গৃহীত ঝণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঝণগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক ঝণ পরিশোধ না করায় বিগত ৩০/১১/২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঝণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৯৭,৩৩,৫০৬.০০ (সাতানবই লক্ষ তেক্ষিণ হাজার পাঁচশত ছয় টাকা) টাকা সহ অন্যান্য আনন্দসংক্রিত খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১) জেলা- নওগাঁ, থানা- নওগাঁ, মৌজা- বরুনকান্দি, জে.এল নং- ১২০, খতিয়ান নং- এস.এ- ১৬১, আর.এস-৩৯, প্রস্তাবিত-৪৯২; দাগ নং- এস.এ.- ৫৭৯, আর.এস- ৮৫২; মোট জমির পরিমাণ- ৭ শতাংশ ও তদুপরিস্থিত ২৩০০ বর্গফুট বিশিষ্ট দুইতলা পাকা দালান যাহা নওগাঁ পৌরসভার মধ্যে অবস্থিত।
- ২) জেলা- নওগাঁ, থানা- নওগাঁ, মৌজা- বরুনকান্দি, জে.এল নং- ১২০, খতিয়ান নং- আর.এস-২১২, প্রস্তাবিত-৭৪৫; দাগ নং- এস.এ- ৩৬৩, আর.এস- ২৮৩; মোট জমির পরিমাণ- ১২.৭৫ শতাংশ যাহা নওগাঁ পৌরসভার মধ্যে অবস্থিত।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩০.১২.২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখায় রাখিত বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এই দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দারদাতের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নববই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্টী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখা।